| **English** | Bengali |
|---|---|
| Born and Bred in (BaBi) Doncaster: A data linkage cohort study of babies born in Doncaster and their mothers | (জন্ম ও বেড়ে ওঠা) Born and Bred in (BaBi) Doncaster: যেসব শিশুদের Doncaster এ জন্ম হয়েছে তাদের এবং তাদের মায়েদের ডেটা লিঙ্কেজ কোহর্ট স্টাডি |
| Information for pregnant women | গর্ভবতী মহিলাদের জন্য তথ্য |
| What is BaBi Doncaster? | BaBi Doncaster কি? |
| This is a project being run by Doncaster and Bassetlaw Teaching Hospitals NHS Foundation Trust at Doncaster Royal Infirmary (DRI) and is part of a group of BaBi research projects all about families and children to help us to learn more about how families in our area and beyond can live healthier, happier lives. | এই প্রজেক্ট Doncaster and Bassetlaw Teaching Hospitals NHS Foundation Trust at Doncaster Royal Infirmary (DRI)চালনা করছে এবং এটি আমাদের এলাকা ও এলাকার বাইরে পরিবারগুলি কিভাবে স্বাস্থ্যকর, সুখী জীবনযাপন করতে পারে সে সম্পর্কে আরও জানতে সাহায্য করার জন্য পরিবার এবং শিশুদের সম্পর্কে BaBi গবেষণা প্রকল্পের একটি গ্রুপের অংশ। |
| How does  BaBi Doncaster work? | BaBi Doncaster কিভাবে কাজ করে? |
| When you see your midwife, they will invite you to become part of the study.  If you agree to take part, health researchers will join together lots of data about you and your child so that we can look at ways to improve health, care and services through research and planning in Doncaster and beyond. We are asking every pregnant woman in Doncaster to join the project. | আপনি যখন আপনার ধাত্রীকে দেখাতে যাবেন, তখন তারা আপনাকে অধ্যয়নে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাবে।  আপনি অংশগ্রহণ করতে রাজি হলে, স্বাস্থ্য গবেষকরা আপনার এবং আপনার সন্তানের বিষয়ে প্রচুর ডেটা একত্র করবেন যাতে আমরা Doncaster এ এবং এর বাইরে গবেষণা এবং পরিকল্পনার মাধ্যমে স্বাস্থ্য, শুশ্রূষা এবং পরিষেবায় উন্নয়নের উপায় খুঁজতে পারি। আমরা Doncaster এর প্রত্যেক গর্ভবতী মহিলাকে এই প্রকল্পে যোগ দিতে বলছি। |
| Why do BaBi Doncaster want to use my information? | BaBi Doncaster আমার তথ্য কেন ব্যবহার করতে চায়? |
| By linking information from both your patient records and your child’s patient record, we can build up a much clearer picture of people’s lives and answer questions that may help to improve health, care and services through research and planning. Your information can help us begin to explore questions like: | আপনার রোগীর রেকর্ড এবং আপনার সন্তানের রোগীর রেকর্ড এই দুইয়ের তথ্য পরস্পর যুক্ত করে আমরা লোকেদের জীবনের ব্যাপারে আরো স্পষ্ট ধারণা তৈরি করতে এবং এমন কিছু প্রশ্নের উত্তর দিতে পারব যা গবেষণা এবং পরিকল্পনার মাধ্যমে স্বাস্থ্য, শুশ্রূষা এবং পরিষেবার উন্নয়নে সাহায্য করবে। আপনার তথ্যের সাহায্যে আমরা এই জাতীয় প্রশ্ন নিয়ে অনুসন্ধান করতে পারব: |
| • Are there relationships between things | • গর্ভাবস্থায় যা ঘটে তার সাথে শিশুদের |

| | |
|---|---|
| that happen in pregnancy and children's future health? | ভবিষ্যতের স্বাস্থ্যের কোন সম্পর্ক আছে কি? |
| • How many children in our area have asthma? Are children in some areas more likely to get asthma than children in other areas? | • আমাদের এলাকায় কত জন শিশুর হাঁপানি আছে? কয়েকটি এলাকার শিশুদের অন্যান্য এলাকার শিশুদের তুলনায় কি বেশি হাঁপানি হওয়ার আশঙ্কা থাকে? |
| • How many mums in our area experience postnatal depression or diabetes in pregnancy? What could be done to help prevent depression or diabetes and provide support for the family? | • আমাদের এলাকায় কতজন মা প্রসবোত্তর অবসাদ বা গর্ভাবস্থার ডায়াবিটিজে ভোগেন? অবসাদ বা ডায়াবিটিজ প্রতিরোধ করতে আর পরিবারকে সাহায্য করার জন্য কি করা যেতে পারে? |
| What information do BaBi Doncaster want to use? | BaBi Doncaster আমার কোন তথ্য ব্যবহার করতে চায়? |
| Lots of organisations regularly collect data about the services they provide to you or your children; this is known as routine data. The NHS keeps health records so they can provide health services to you. Social Care keep records about services they provide to you and your family. | যেসব সংগঠন আপনাকে বা আপনার সন্তানদের পরিষেবা দেয় তাদের মধ্যে অনেকেই নিয়মিত ডেটা সংগ্রহ করে; একে বলা হয় রুটিন ডেটা। NHS স্বাস্থ্যের রেকর্ড রাখে যাতে তারা আপনারে স্বাস্থ্য পরিষেবা দিতে পারে। সোশাল কেয়ার আপনাকে এবং আপনার পরিবারকে যে পরিষেবাগুলি দেয় তার রেকর্ড রাখে। |
| Education organisations keep information to help them to provide services for your children in schools and so they know what they achieve. All of this information is collected electronically and stored separately on different systems. | শিক্ষা সংগঠন তথ্য রাখে যাতে তারা স্কুলে আপনার সন্তানদের পরিষেবা দিতে পারে এবং ওদের কৃতিত্বের ব্যাপারে তাদের জানা থাকে। এই সব তথ্য ইলেকট্রনিক পদ্ধতিতে সংগ্রহ করে বিভিন্ন সিস্টেমে জমা করে রাখা হয়। |
| The diagram below shows some of the different organisations that we will contact to link information from your patient record and your child's patient record, or to help us to contact you in the future. | নিচের ছবিতে এমন কয়েকটি ভিন্ন ভিন্ন সংগঠনের উল্লেখ করা হয়েছে যাদের সাথে আমরা যোগাযোগ করে আপনার আর আপনার সন্তানের রোগীর রেকর্ডের তথ্য লিংক করব অথবা ভবিষ্যতে আপনার সাথে যোগাযোগ করতে এরা আমাদের সাহায্য করবে। |
| How will BaBi Doncaster get my information? | BaBi Doncaster আমার তথ্য কিভাবে পাবে? |
| We would like to provide some personally-identifiable details such as name, date of birth, address and NHS number to each of these organisations so they can send us data back about you and your child regularly to get a more complete picture of people's health and lives. This will be sent using a secure transfer system | আমরা এই প্রতিটি সংগঠনকে ব্যক্তিগতভাবে চেনা যায় এমন কিছু বিবরণ জানিয়ে দেব যেমন নাম, জন্ম তারিখ, ঠিকানা এবং NHS নম্বর যাতে তারা নিয়মিত আপনার এবং আপনার সন্তানের বিষয়ে আমাদের ডেটা পাঠাতে পারে, তার ফলে লোকেদের স্বাস্থ্য এবং জীবনের সম্পূর্ণ পরিলেখ পাওনা যাবে। আপনার তথ্য নিরাপদ |

| | |
|---|---|
| to keep your information safe. | রাখতে এসব সুরক্ষিত ট্রান্সফার সিস্টেম ব্যবহার করে পাঠানো হবে। |
| How will BaBi keep my information secure? | BaBi কিভাবে আমার তথ্য নিরাপদ রাখবে? |
| BaBi Doncaster is based at Doncaster and Bassetlaw Teaching Hospitals NHS Foundation Trust and Doncaster Council. All data will be stored securely at Doncaster and Bassetlaw Teaching Hospitals NHS Foundation Trust or Doncaster Council and will be treated confidentially. Our systems are password protected and very secure. | BaBi Doncaster Doncaster and Bassetlaw Teaching Hospitals NHS Foundation Trust and Doncaster Council. এর উপর নিরভরশীল। সব তথ্য All data will be stored securely at Doncaster and Bassetlaw Teaching Hospitals NHS Foundation Trust or Doncaster Council এ নিরাপদে সংরক্ষণ করা হবে এবং গোপনীয় হিসাবে বিবেচিত হবে। আমাদের সিস্টেম পাসওয়ার্ড দিয়ে সুরক্ষিত রাখা হয় এবং খুবই নিরাপদ। |
| We will keep information that might identify individuals (such as name and address) separate from other information about participants. Only a very small number of authorised people will have access to any data that identifies you, like your name and address. | আমরা ব্যক্তিদের শনাক্ত করতে পারে এমন তথ্য (যেমন নাম এবং ঠিকানা) অংশগ্রহণকারীদের সম্পর্কে অন্যান্য তথ্য থেকে আলাদাভাবে রাখব। যে ডেটা দিয়ে আপনাকে চেনা সম্ভব, যেমন আপনার নাম এবং ঠিকানা, শুধু মুষ্টিমেয় অনুমতিপ্রাপ্ত মানুষ সেসব দেখতে পারবে। |
| These include members of the team involved in linking your data together and those involved in keeping you up to date about the study. The researchers who will analyse the data to answer research questions won't have access to your personal data as we will remove the information that identifies you so they won't know it's you and it's anonymous. | এর মধ্যে, যে দল আপনার ডেটা একসাথে লিংক করার কাজে জড়িত আছে সেই দলের সদস্যরা এবং যারা এই অধ্যয়নের ব্যাপারে আপনাকে ওয়াকিবহাল রাখার দায়িত্বে আছেন তারা থাকবেন। গবেষণার প্রশ্নের উত্তর দেওয়ার জন্য যেসব গবেষক ডেটা বিশ্লেষণ করবেন তারা আপনার ব্যক্তিগত ডেটা দেখতে পারবেন না কারণ যে তথ্য দিয়ে আপনাকে চেনা যায় সেসব আমরা সরিয়ে দেব যাতে তারা আপনার পরিচয় জানতে না পারেন এবং তা বেনামী থাকে। |
| Anonymous data will be used for research and service planning. As we want to look at how people's lives and health change we will keep your information and build on it over time. | গবেষণা এবং পরিষেবার পরিকল্পনায় বেনামী ডেটা ব্যবহার করা হবে। আমরা জানতে চাই লোকেদের জীবন এবং স্বাস্থ্যে কিভাবে পরিবর্তন হয়, তাই আমরা আপনার তথ্য রেখে দেব এবং পরবর্তীকালে এ নিয়ে আরো গবেষণা করব। |
| How will my information be used? | আমার তথ্য কিভাবে ব্যবহার করা হবে? |
| Your information will only be used for research and service planning. Any sensitive information from BaBi will only be made available to | শুধু গবেষণা এবং পরিষেবা পরিকল্পনায় আপনার তথ্য ব্যবহার করা হবে। BaBi-এর থেকে যে কোনও সংবেদনশীল তথ্য শুধুমাত্র সেইসব গবেষককে দেওয়া |

| | |
|---|---|
| researchers who have relevant scientific and ethics approval for their planned research under restricted access arrangements which make sure that the information is used responsibly and safely. | হবে যাদের কাছে সীমিত প্রবেশাধিকারের ব্যবস্থানুসারে তাদের পরিকল্পিত গবেষণার জন্য প্রাসঙ্গিক বৈজ্ঞানিক এবং নীতিগত অনুমোদন রয়েছে, যা নিশ্চিত করে যে তথ্য দায়িত্বশীলভাবে এবং নিরাপদে ব্যবহার করা হচ্ছে। |
| Personally-identifiable information such as name and address are never included in the results and no individual can be identified from the research we publish. | ফলাফলে কখনও ব্যক্তিগতভাবে চেনার মত তথ্য যেমন নাম এবং ঠিকানা জানানো হয় না, আর আমরা যে গবেষণা প্রকাশ করি তাতে আলাদাভাবে কাউকে চেনা যায় না। |
| BaBi Doncaster will also use your contact details to keep you up to date with the study and to let you know about other relevant research studies that are happening that you may wish to be involved in. | অধ্যয়নের বিষয়ে আপনাকে ওয়াকিবহাল রাখতে এবং আপনি অংশ নিতে আগ্রহী এমন অন্যান্য যেসব সংশ্লিষ্ট গবেষণামূলক অধ্যয়ন হচ্ছে সেসব আপনাকে জানানোর জন্য BaBi Doncaster আপনার যোগাযোগের বিবরণ ব্যবহার করবে। |
| How can I find out what my information has been used for? | আমার তথ্য কিসের জন্য ব্যবহার করা হয়েছে তা আমি কিভাবে জানতে পারব? |
| We will publish our findings in journals and on our website **https://www.dbth.nhs.uk/research-and-development/babi-d/**. It won't be possible to identify you in any of the findings because the data used is anonymous. You can also get in touch with us using the contact details below if you would like to know more or have other questions. | আমরা জার্নালে এবং আমাদের ওয়েবসাইট **https://www.dbth.nhs.uk/research-and-development/babi-d/** এ আমাদের ফলাফল প্রকাশ করব। কোনো অনুসন্ধানে আপনাকে শনাক্ত করা সম্ভব হবে না কারণ ব্যবহৃত ডেটা অনামী হবে। আপনি আরো জানতে চাইলে বা আপনার অন্য কোনো প্রশ্ন থাকলে নিচে দেওয়া যোগাযোগের বিবরণের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন। |
| We will not send you any individual results from any of the research in the study. This is because we are looking for patterns in the data of thousands of participants and not looking at individual people. | এই অধ্যয়নের যে কোনো গবেষণা থেকে আমরা আপনাকে কোনো ব্যক্তিগত ফলাফল পাঠাব না। এর কারণ আমরা হাজার হাজার অংশগ্রহণকারীর ডেটার মধ্যে প্যাটার্ন খুঁজছি এবং স্বতন্ত্র ব্যক্তিকে দেখছি না। |
| Why should I take part? | আমার কেন অংশ নেওয়া উচিত? |
| Taking part is entirely voluntary and it is up to you whether you decide to join the project. There is no long questionnaire to complete or samples to give, just your permission to allow us to access your data. | অংশগ্রহণ সম্পূর্ণ স্বেচ্ছামূলক এবং আপনি প্রকল্পে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেবেন কিনা তা আপনার উপর নির্ভর করে। কোনও সুদীর্ঘ প্রশ্নমালার উত্তর বা নমুনা দিতে হবে না, আমাদের শুধু আপনার ডেটা অ্যাক্সেস করার অনুমতি দিন। |
| While there is no direct benefit to you or your | অংশগ্রহণ করে আপনি বা আপনার সন্তান যদিও |

| | |
|---|---|
| child in taking part, we hope that we will learn from all of the information we do get and this will help us to improve health, care and services through research and planning for everyone in Doncaster. | সরাসরি কোনোভাবে উপকৃত হবেন না, তবে আমরা আশা করছি যে আমরা যা তথ্য জানতে পারব তার থেকে আমাদের শেখা হবে এবং সেসব নিয়ে গবেষণা এবং পরিকল্পনা করে আমরা Doncaster এ প্রত্যেকের স্বাস্থ্য, শুশ্রূষা এবং পরিষেবায় উন্নতি করতে পারব। |
| This might be through improving the way health and care services are delivered in the future or finding new relationships between our genes and health. | এটি ভবিষ্যতে স্বাস্থ্য এবং শুশ্রূষা পরিষেবা সরবরাহ করার উপায় উন্নত করার মাধ্যমে বা আমাদের জিন এবং স্বাস্থ্যের মধ্যে নতুন সম্পর্ক খুঁজে বের করার মাধ্যমে হতে পারে। |
| What if I don't want to take part? | আমি যদি অংশ নিতে না চাই তাহলে কি হবে? |
| We won't take any data about you or your child until you have told us that we can. Your midwife will ask you whether you would like to take part at one of your appointments. If you don't want to take part, just let them know. It won't affect the care you receive. | আপনি আমাদের অনুমতি না দেওয়া পর্যন্ত আমরা আপনার বা আপনার সন্তানের বিষয়ে কোন ডেটা নেব না। আপনার অ্যাপয়েন্টমেন্টগুলির মধ্যে কোন একটিতে আপনি অংশ নিতে চান কিনা তা আপনার ধাত্রী আপনাকে জিজ্ঞাসা করে নেবেন। আপনি যদি অংশ নিতে না চান, শুধু তাদের জানিয়ে দেবেন। তাতে আপনি যে শুশ্রূষা পাচ্ছেন তার উপর কোন প্রভাব পড়বে না। |
| What if I change my mind? | আমার যদি মত বদলায় তাহলে কি হবে? |
| You can change your mind at any time. If you decide to join the project when you speak with your midwife and then later change your mind you can contact us and let us know using the details below and we will not collect any further data from you or your child. This won't affect the care you receive. | আপনি যে কোন সময় আপনার মত বদলাতে পারেন। আপনার ধাত্রীর সাথে কথা বলার সময় আপনি যদি প্রকল্পে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেন এবং পরে আপনার মত বদলান, তাহলে আপনি আমাদের সাথে নিম্নলিখিত বিবরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারেন এবং আমরা আপনার বা আপনার সন্তানের থেকে আর কোনো তথ্য সংগ্রহ করব না। এতে আপনি যে শুশ্রূষা পাচ্ছেন তাতে কোন প্রভাব পড়বে না। |
| More information | আরো তথ্য |
| There is more information available about the project on our website https://www.dbth.nhs.uk/research-and-development/babi-d/ or you can get in touch using the details below.<br>• https://www.dbth.nhs.uk/about-us/our-publications/publication-scheme/our-policies-and-procedures/policies-a-to-z/<br>• www.hra.nhs.uk/information-about- | আমাদের ওয়েবসাইট https://www.dbth.nhs.uk/research-and-development/babi-d/ -এ প্রকল্পটির বিষয়ে আরো তথ্য আছে অথবা আপনি নিম্নোক্ত বিবরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারেন।<br>• https://www.dbth.nhs.uk/about-us/our-publications/publication-scheme/our-policies-and-procedures/policies-a-to-z/ |

| | |
|---|---|
| patients | • www.hra.nhs.uk/information-about-patients |
| If you would like a printed copy of any of these documents please email or call us to request one. | আপনি যদি এই নথিগুলির কোনোটির মুদ্রিত কপি চান তাহলে সেই অনুরোধ করতে অনুগ্রহ করে আমাদের ইমেল করুন বা কল করুন। |
| Get in touch<br><br>If you would like to contact us about the project or to make a complaint, please contact us by Email: dbth.babi@nhs.net or<br><br>Patient Liaison Service (PALS) on dbth.pals.dbh@nhs.net<br><br>or<br><br>Write to us:<br><br>BaBi-D, Research Department,<br>Doncaster Royal Infirmary,<br>Armthorpe Road, Doncaster,<br>DN2 5LT | যোগাযোগ করুন<br><br>আপনি যদি প্রকল্পের বিষয়ে আমাদের সাথে যোগাযোগ করতে চান বা যদি অভিযোগ জানাতে চান, তবে অনুগ্রহ করে ইমেলে আমাদের সাথে যোগাযোগ করুন:<br>dbth.babi@nhs.net<br><br>অথবা<br><br>Patient Liaison Service (PALS) on dbth.pals.dbh@nhs.net<br><br>আমাদের চিঠি লিখুন:<br><br>BaBi-D, Research Department,<br>Doncaster Royal Infirmary,<br>Armthorpe Road, Doncaster,<br>DN2 5LT |
| Translations<br><br>Written copies of this leaflet are available in Urdu, Bangla and Slovak. We also have audio versions in Urdu, Bangla and Slovak and a video summary in English, Urdu, Bangla, Slovak, Polish, Kurdish, Romanian, Arabic and Hungarian. If you would like this information in any other language please contact us. | অনুবাদ<br><br>উর্দু, বাংলা এবং স্লোভাক ভাষায় এই লীফলেটের লিখিত কপি রয়েছে। এছাড়াও আমাদের উর্দু, বাংলা এবং স্লোভাক ভাষায় অডিও সংস্করণ, পাশাপাশি ইংরেজি, উর্দু, বাংলা, স্লোভাক, পোলিশ, কুর্দি, রোমানিয়ান, আরবি এবং হাঙ্গেরিয়ান ভাষায় ভিডিও সারাংশ রয়েছে। আপনি যদি অন্য কোনো ভাষায় এই তথ্য চান তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন। |
| Scan the QR card on the left for access to this leaflet, and audio and/or video versions through the BaBi Doncaster website.<br><br>**https://www.dbth.nhs.uk/research-and-/development/babi-d** | BaBi Doncaster এর ওয়েবসাইটের মাধ্যমে এই লীফলেট, অডিও এবং/বা ভিডিও সংস্করণ অ্যাক্সেস করতে বা দিকের QR কার্ড স্ক্যান করুন।<br><br>**https://www.dbth.nhs.uk/research-and-/development/babi-d** |

| | |
|---|---|
| | |
| Born an Bred In Doncaster Participant Information Sheet_ v6_17/YH/0202_IRAS 226266 04/05/2022 | (জন্ম ও বেড়ে ওঠা) Born and Bred In Doncaster এর অংশগ্রহণকারীর তথ্যপত্র_ v6_17/YH/0202_IRAS 226266 04/05/2022 |
| GPs and Dentists | GP এবং দাঁতের ডাক্তার |
| Midwifery and Health Visiting | ধাত্রীবিদ্যা এবং স্বাস্থ্য পরিদর্শন |
| Children's Centres | শিশুকেন্দ্রসমূহ |
| Education and Schools | শিক্ষা এবং স্কুল সমূহ |
| Department of Work and Pensions | কর্ম ও পেনশন বিভাগ |
| Voluntary Organisations | স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ |
| Other research studies | অন্যান্য গবেষণামূলক অধ্যয়নসমূহ |
| Local Authority and Social Care | স্থানীয় কর্তৃপক্ষ এবং সোশ্যাল কেয়ার |
| NHS Digital | NHS ডিজিটাল |
| National Child Measurement Programme | National Child Measurement Programme (জাতীয় শিশু পরিমাপ কর্মসূচি) |